



ইংরেজি বিভাগ

২০২০-২০২১ শিক্ষাবর্ষে এম এ প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

সূত্রঃ মাভাবিপ্রবি/ENG/MA/ভর্তি.বি./০২/২০২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের MA in English Literature and M A in English Language Teaching প্রোগ্রামে ভর্তির আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আবেদনপত্র ও ভর্তিসংক্রান্ত তথ্যাবলী মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.mbstu.ac.bd থেকে ডাউনলোড করা যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে ১,০০০/= (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, ইংরেজি বিভাগ, সোনালী ব্যাংক লিঃ, মাভাবিপ্রবি শাখা বরাবর) ও প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ প্রার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগে ডাকযোগে অথবা স্বশরীরে জমা দিয়ে প্রবেশ পত্র সংগ্রহ করতে হবে। উল্লেখ্য, ডাকযোগে প্রেরিত আবেদনকারীদের প্রবেশপত্র ইমেইলে প্রেরণ করা হবে।

ভর্তির যোগ্যতাঃ

- ইউজিসি কর্তৃক স্বীকৃত/ অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের জন্য ন্যূনতম সিজিপিএ ২.০০ থাকতে হবে।
- ইউজিসি কর্তৃক স্বীকৃত/ অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২০১৮ সাল এবং তৎপরবর্তী বছর সমূহে (প্রার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফল প্রকাশের পর থেকে সর্বোচ্চ ০২ বছরের শিক্ষা বিরতিসহ) উত্তীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

- শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার মার্কশীট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
- নাগরিকত্ব সনদ পত্র / জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি।

ভর্তি সংক্রান্ত তারিখ সমূহঃ

- ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেয়ার তারিখঃ ২২ আগস্ট ২০২১ থেকে ২১ সেপ্টেম্বর ২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে স্বশরীরে অথবা ডাকযোগে (সভাপতি, একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম) শিক্ষাবর্ষ ২০২০-২০২১, ইংরেজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২) ঠিকানায় জমা দিয়ে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে। উল্লেখ্য, ডাকযোগে প্রেরিত আবেদনকারীগণের প্রবেশপত্র ইমেইলে প্রেরণ করা হবে।
- ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী কোভিড-১৯ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে যথাসময়ে জানানো হবে।

স্বাক্ষরিত/

সভাপতি

একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম) শিক্ষাবর্ষ ২০২০-২০২১

ইংরেজি বিভাগ, মাভাবিপ্রবি, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।